



লাল কার্ড প্রদর্শন

জাবি সংবাদদাতা ॥ স্বচ্ছায় পদত্যাগের জন্য উপাচার্যকে দেয়া আল্টিমেটামের শেষদিনে লালকার্ড প্রদর্শন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। পরে ২ ও ৩ অক্টোবর সর্বাঙ্গিক ধর্মঘটের ডাক দেন আন্দোলনকারীরা। মঙ্গলবার দুপুর ১টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ভিসির পদত্যাগের দাবিতে শিক্ষার্থীরা লাল কার্ড প্রদর্শন করেন। লাল কার্ড প্রদর্শনী বিশ্ববিদ্যালয়টির শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। এ সময় শিক্ষার্থীরা ছাড়াও অধ্যাপক খবির উদ্দিন, অধ্যাপক আনোয়ারুল ভূঁইয়া ও অধ্যাপক রায়হান রাইন উপস্থিত ছিলেন। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জাবি শাখার সাধারণ সম্পাদক মোহাম্মদ দিদারের সঞ্চালনায় বক্তব্য রাখেন, দর্শন বিভাগের অধ্যাপক রায়হান রাইন। তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, ভিসি যদি স্বচ্ছায় পদত্যাগ না করেন, তাহলে তাকে দুর্বীর আন্দোলনের মাধ্যমে পদচ্যুত করা হবে।

এমআইএসটিতে সেমিনার

জনকণ্ঠ ডেস্ক ॥ মিরপুর সেনানিবাসের মিলিটারি সায়েন্স এ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) পেট্রোলিয়াম এ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে মঙ্গলবার ‘সাস্টেইনেবল এনার্জি সেক্টরস ডেভেলপমেন্ট; চ্যালেঞ্জস এ্যান্ড সিকিউরিটি অব বাংলাদেশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর বিদ্যুত, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী। প্রধান অতিথি তার বক্তব্যে কয়লা, এলএনজি ও এলপিজি আমদানি এবং এই প্রাথমিক জ্বালানিগুলোর কার্যক্ষমতা, গুণাগুণ এবং ব্যবহারের সামর্থ্যের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, অফশোর ব্লকের পাশাপাশি অনশোর ব্লক থেকেও ব্যাপকভাবে তেল ও গ্যাস আহরণের প্রক্রিয়া যেমন কূপ খনন, অনুসন্ধান ইত্যাদি গুরুত্ব সহকারে শুরু করতে হবে। এছাড়া নবায়নযোগ্য শক্তি বিষয়ে নীতি নির্ধারণ করা হয়েছে। - আইএসপিআর

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাস: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com